MAR. 04 2001

তারিখ ...
পৃষ্ঠা ৮ ... কলাম ... ৩ ...

# নেত্রকোনায় পাঠ্যবই ভর্তি ট্রাক আটক

নেত্রকোনা প্রতিনিধি

দেশ জুড়ে যখন পাঠ্যবই সঙ্কট চলছে তখন নেত্রকোনায় ট্রাকভর্তি চোরাই পাঠ্যবই উদ্ধারের চাঞ্চল্যকর খবর পাওয়া গেছে।

নেত্রকোনা পুলিশ শহরের অজহর রোড থেকে ট্রাক ভর্তি প্রাথমিক বিদ্যালয়ের বিনামূল্যে বিতরণযোগ্য প্রায় দশ হাজার সরকারি বই উদ্ধার করেছে। বইগুলো চোরাই পথে টাঙ্গাইল প্রেরণ করার উদ্দেশ্যে ট্রাকে উঠানো হয়েছিল বলে জানা যায়।

একাধিক সূত্রে প্রকাশ, নেত্রকোনা জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের জন্য আসা সরকারি বই প্রায় প্রতি বছরই চোরাই পথে বিক্রি হয়। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ বছর নেত্রকোনা জেলার উপজেলায় বই পাঠানোর পরিবহনের ঠিকাদারী পান হেলেন মোস্তফা নামে জনৈক ঠিকাদার। সূত্র দাবি করে ওই ঠিকাদার দেশব্যাপী বইয়ের চরম সঙ্কটের এ সময়ে অধিক লাভবানের আশায় চোরাই বাজারে বিক্রির উদ্দেশ্যে টাঙ্গাইলে পাঠানোর চেষ্টা করছিল। এদিকে নেত্রকোনা থানা পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে, বই আটক করলেও উর্ধ্বতন কর্তৃপক্ষকে না জানিয়ে উৎকোচের বিনিময়ে আটক বই ছেড়ে দেয়ার চেষ্টা চালায়। কিন্তু জানাজানি হয়ে গেলে তাদের সেই চেষ্টা ব্যর্থ হয়। বইগুলো নেত্রকোনা থানায় আটক রয়েছে।